বিশ্বের ১৮০টি দেশের মধ্যে দুর্নীতিগ্রস্ত দেশের তালিকায় বাংলাদেশ ১৩তম

চেম্বার ডেস্ক :: বিশ্বের ১৮০টি দেশের মধ্যে ‘সবচেয়ে দুর্নীতিগ্রস্ত’ দেশের তালিকায় বাংলাদেশের অবস্থান ১৩তম বলে জানিয়েছে ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল।

বার্লিনভিত্তিক দুর্নীতিবিরোধী এ সংস্থা থেকে প্রকাশিত ‘দুর্নীতির ধারণা সূচক (সিপিআই)’-এ এই তথ্য উঠে এসেছে।

আজ মঙ্গলবার (২৫ জানুয়ারি) বেলা ১১টায় ভার্চুয়াল সংবাদ সম্মেলনে ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশের (টিআইবি) পক্ষ থেকে এ তথ্য জানানো হয়েছে।

গতবার (২০২০ সালের পরিস্থিতি বিবেচনায়) এ তালিকায় বাংলাদেশের অবস্থান ছিল ১২তম। এবার অবস্থান ১৩তম হলেও স্কোর গতবারের সমান অর্থাৎ ২৬-ই রয়েছে। ২০১৯ সালে নিম্নক্রম অনুযায়ী বাংলাদেশের অবস্থান ছিল ১৪তম।

বিশ্বের ১৮০টি দেশ ও অঞ্চলের ২০২১ সালের পরিস্থিতি বিবেচনায় নিয়ে তৈরি করা এই সূচকে বাংলাদেশের অবস্থান ঊর্ধ্বক্রম অনুযায়ী (ভালো থেকে খারাপ) ১৪৭ নম্বরে। আর উল্টোভাবে, অধঃক্রম (খারাপ থেকে ভালো) অনুযায়ী ‘সবচেয়ে দুর্নীতিগ্রস্ত’ দেশের তালিকায় এবার বাংলাদেশ রয়েছে ১৩তম স্থানে।

বাংলাদেশের এ অবস্থানকে খুবই হতাশাজনক বলে মন্তব্য করেছেন টিআইবির নির্বাহী পরিচালক ড. ইফতেখারুজ্জামান। তিনি জানান, দক্ষিণ এশিয়ার ৮টি দেশের মধ্যে বাংলাদেশ রয়েছে ৭ম স্থানে। দক্ষিণ এশিয়ায় সবচেয়ে খারাপ অবস্থানে আছে আফগানিস্তান। আর সবচেয়ে ভালো অবস্থানে আছে ভুটান। এশিয়ার মধ্যে বাংলাদেশের অবস্থান ১৩তম।

টিআইবির নির্বাহী পরিচালক জানান, পৃথিবীর সবচেয়ে কম দুর্নীতিগ্রস্ত দেশ ডেনমার্ক। আর সবচেয়ে বেশি দুর্নীতিগ্রস্ত দেশ দক্ষিণ সুদান।

তিনি বলেন, ‘দুর্নীতির ধারণা সূচকের গবেষণায় পৃথিবীর কোনো দেশই ১০০-তে ১০০ স্কোর পায়নি। অর্থাৎ কম-বেশি পৃথিবীর সব দেশেই দুর্নীতি আছে।’